# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৯০

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ পুণ্যের পথ অনেক

আরবী

وعَنهُ : أنَّ رَسُول الله ﷺ قالَ بَينَما رَجُلٌ يَمشي بِطَرِيقٍ اشْتَدَّ عَلَيهِ العَطَشُ فَوَجَدَ بِئراً فَنزَلَ فِيهَا فَشرِبَ ثُمَّ خَرجَ فإذَا كَلْبٌ يَلْهَثُ يأكُلُ الثَّرى مِنَ العَطَشِ فقَالَ الرَّجُلُ : لَقَدْ بَلَغَ هَذَا الكَلْبُ مِنَ العَطَشِ مِثْلُ الَّذِي كَانَ قَدْ بَلَغَ مِنّي فَنزَلَ البِئْرَ فَملأَ خُفَّهُ مَاءً ثُمَّ أمْسَكَهُ بفيهِ حَتَّى رَقِيَ فَسقَى الكَلْبَ فَشكَرَ الله لَهُ فَغفَرَ لَهُ قَالُوْا : يَا رَسُول اللهِ إنَّ لَنَا في البَهَائِمِ أَجْراً ؟ فقَالَ في كُلِّ كَبِدٍ رَطْبَةٍ أجْرٌ مُتَّفَقٌ عَلَيهِ
وفي رواية للبخاري فَشكَرَ اللهُ لَهُ فَغفَرَ لَهُ فأدْخَلَهُ الجَنَّةَ وفي رواية لهما بَيْنَما كَلْبٌ يُطِيفُ بِرَكِيَّةٍ قَدْ كَادَ يقتلُهُ العَطَشُ إذْ رَأَتْهُ بَغِيٌّ مِنْ بَغَايَا بَنِي إسْرَائِيل فَنزَعَتْ مُوقَها فَاسْتَقَتْ لَهُ بِهِ فَسقَتْهُ فَغُفِرَ لَهَا بِهِ

বাংলা

(৪৯০) উক্ত আবূ হুরাইরাহ (রাঃ) হতেই বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, একদা এক ব্যক্তি পথ চলছিল। তাকে খুবই পিপাসা লাগল। অতঃপর সে একটি কূপ পেল। সুতরাং সে তাতে নেমে পানি পান করল। অতঃপর বের হয়ে দেখতে পেল যে, (ওখানেই) একটি কুকুর পিপাসার জ্বালায় জিভ বের করে হাঁপাচ্ছে ও কাদা চাটছে। লোকটি (মনে মনে) বলল, পিপাসার তাড়নায় আমি যে পর্যায়ে পৌঁছেছিলাম, কুকুরটিও সেই পর্যায়ে পৌঁছেছে। অতএব সে কূপে নামল তারপর তার চামড়ার মোজায় পানি ভর্তি করল। অতঃপর সে তা মুখে ধরে উপরে উঠল এবং কুকুরটিকে পানি পান করাল। আল্লাহ তা’আলা তার এই আমলকে কবুল করলেন এবং তাকে ক্ষমা ক’রে দিলেন। সাহাবাগণ বললেন, হে আল্লাহর রসূল! চতুষ্পদ জন্তুর প্রতি দয়া প্রদর্শনেও কি আমাদের সওয়াব হবে? তিনি বললেন, প্রত্যেক জীবের প্রতি দয়া প্রদর্শনে নেকী রয়েছে।

বুখারীর অন্য এক বর্ণনায় আছে যে, আল্লাহ তা’আলা তার এই আমলকে কবুল করলেন। অতঃপর তাকে ক্ষমা ক’রে জান্নাতে প্রবেশ করালেন।

বুখারী-মুসলিমের আর এক বর্ণনায় আছে, কোন এক সময় একটি কুকুর একটি কূপের চারিপাশে ঘোরা-ফিরা করছিল। পিপাসা তাকে মৃতপ্রায় ক’রে তুলেছিল। (এই অবস্থায়) হঠাৎ বনী ঈস্রাঈলের বেশ্যাদের মধ্যে এক বেশ্যা

তাকে দেখতে পেল। অতঃপর সে তার চামড়ার মোজা খুলে তাতে (কূপ থেকে) পানি উঠিয়ে তাকে পান করাল। সুতরাং এই আমলের কারণে তাকে ক্ষমা করা হল।

## ফুটনোট

(বুখারী ২৩৬৩, ২৪৬৬, ৩৪৬৭, ৬০০৯, মুসলিম ৫৯৯৬-৫৯৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64009

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন